

নম্বর ০৫.০০.০০০০.২০০.২৫.০২০.১৯.২৩৬

তারিখ: ২৮ কার্তিক ১৪২৯  
১৩ নভেম্বর ২০২২


বিজ্ঞপ্তি

বিষয়: **24th Policy Planning & Management Course (PPMC)-এ অংশগ্রহণে  
ইচ্ছুক কর্মকর্তাগণের নিকট থেকে আবেদনপত্র আহ্বান।**

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকায় আগামী ২৭/১১/২০২২ হতে ০৮/১২/২০২২ তারিখ পর্যন্ত ১২ (বার) দিন মেয়াদে সরকারের অতিরিক্ত সচিব পর্যায়ের কর্মকর্তাদের জন্য 24th Policy Planning & Management Course (PPMC) পরিচালিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংযুক্ত আবেদনপত্র ছক (আবেদনের ছক,) পূরণপূর্বক আগামী ২০/১১/২০২২ তারিখ (রবিবার) বিকাল ৫.০০ টার মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখায় (সফট কপি it1@mopa.gov.bd ইমেইলে) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

**শর্তাবলি:**

- কোর্সটি স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে স্বশরীরে উপস্থিতির মাধ্যমে বিপিএটিসি-তে পরিচালিত হবে;
- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বিপিএটিসি-এর অনুকূলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি এবং এ প্রশিক্ষণ বাবদ অন্যান্য ব্যয় নির্বাহ করা হবে;
- কোর্স শুরুর তারিখে আবেদনকারী কর্মকর্তার বয়স অনূর্ধ্ব ৫৭ (সাতাত্তাল) বছর হতে হবে;
- আবেদনপত্র ছকের (আবেদনের ছক,) নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে। চূড়ান্ত মনোনয়নের পর কোনক্রমেই কোর্স হতে অব্যাহতির আবেদন গ্রহণযোগ্য হবে না;
- জনপ্রশাসন মন্ত্রণালয় হতে গত ২৭ অক্টোবর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.২০০.২৫.০২০.১৯.২২৮ সংখ্যক স্মারকে জারীকৃত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যেসকল কর্মকর্তা আবেদন করেছিলেন তাদেরকে ২৪ তম পিপিএমসি কোর্সের পুনঃনির্ধারিত তারিখে স্বয়ংক্রিয়ভাবে বিবেচনা করা হবে।
- চাহিদা/প্রয়োজনের তুলনায় আবেদনকারী কর্মকর্তার সংখ্যা বেশি হলে জ্যেষ্ঠতার ভিত্তিতে মনোনয়ন চূড়ান্ত করা হবে; এবং
- নির্ধারিত ছকে আবেদনপত্র প্রাপ্তির পর চূড়ান্ত মনোনয়ন তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।



১৫-১১-২০২২

মুহাম্মদ আব্দুর রহিম সুজন

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫১৫৫২৫

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল), ..... (অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে সর্বিনয় অনুরোধ করা হলো)
- ২) রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৩) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) পরিচালক, পিপিআর অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮) অফিস কপি